

**মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক**

মন্ত্রণালয়/বিভাগের নাম: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।  
 প্রতিবেদনাধীন বছর: ২০১৬-১৭  
 (১) প্রশাসনিক

আওতাধীন অধিদপ্তর/সংস্থা সংখ্যা: ৭ টি  
 প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ২৭ জুলাই ২০১৭

**১.১ কর্মকর্তা/ কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):**

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্য পদ	বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ	মন্তব্য
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	১৬৭টি	১১৪টি	৫৩টি	-	
অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস					
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক)	২১২৩টি	১৮৪২ টি	২৮১টি	৬৯০টি	-
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	১৬৩০টি	৮৫৭টি	৭৭৩টি	১৬২টি	২৯টি পদ নতুন সৃষ্টি করা হয়েছে।
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (এনএমএসটি)	৭৯টি	৬৩টি	১৬	২৮টি	
বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাপডক)	৫৫টি	২৭টি	২৮টি	২১টি	-
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	৬৩টি	৪৭টি	১৬টি	-	-
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)	১০৯টি	৮৬টি	২৩টি	৩৬টি	-
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	১০৮টি (৩৬০টি পদের মধ্যে ১০৮টি পদ সৃজন হয়েছে)	১২টি	৯৬টি	-	১০৮ টি পদ সৃজন করা হয়েছে।
<b>মোট =</b>	<b>৪৩৩৪</b>	<b>৩০৪৮</b>	<b>১২৮৬</b>	<b>৯৩৭</b>	<b>-</b>

**১.২ শূন্য পদের বিন্যাস:**

মন্ত্রণালয়/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
	১	২	৩	৪	৫	৬	৭
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-	-	১২টি	৬টি	১৮টি	১৭টি	৫৩টি
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	-	-	১২টি	৫৩টি	১৪৪টি	৭২টি	২৮১টি
বিসিএসআইআর	-	-	১৬৬টি	১৬৬টি	২৫৬টি	১৮৫টি	৭৭৩টি
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	-	-	৪টি	২টি	৬টি	৪টি	১৬টি
ব্যাপডক	-	-	৭টি	৪টি	১০টি	৭টি	২৮টি
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	-	-	৫টি	৬টি	৫টি	-	১৬টি
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	-	-	১৭টি	-	৬টি	-	২৩টি
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	-	-	৫২টি	২টি	২২টি	২০টি	৯৬টি
<b>মোট=</b>	<b>-</b>	<b>-</b>	<b>২৭৫টি</b>	<b>২৩৯টি</b>	<b>৪৬৭টি</b>	<b>৩০৫টি</b>	<b>১২৮৬টি</b>

**১.৩ অতীত গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।**

**১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:** মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণির পদ পূরণের ক্ষেত্রে জেলা কোটার মধ্যে ৩০% মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত। কিন্তু, অনেক ক্ষেত্রেই এ পদের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া যায়না ফলে পদগুলো শূন্য রাখতে হয়। উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ কোটার প্রার্থী থেকে পদগুলো পূরণের ব্যবস্থা নেয়া যেতে পারে।

**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:**

বিভিন্ন শূন্য পদে নিয়োগের জন্য ছাড়পত্রের প্রয়োজন হয়ে থাকে। বিশেষত: কারিগরি ধরনের পদগুলোকে ছাড়পত্রের আওতা বহির্ভূত রাখা হলে তা যথাসময়ে শূন্য পদ পূরণে সহায়ক বলে মনে হয়।

**১.৫ অন্যান্য পদের তথ্য:**

মন্ত্রণালয়/ সংস্থা	প্রতিবেদনাধীন বৎসরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা	প্রতিবেদনাধীন বৎসরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-	-
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	-	-
বিসিএসআইআর	-	-
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	-	-
ব্যান্ডক	-	-
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোখিয়েটার	-	-
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	-	-
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	-	-

**১.৬ নিয়োগ/ পদোন্নতি প্রদান:**

	প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-	৪	৪	-	-	-	
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	-	-	-	৩২	-	৩২	-
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ	১৮	৯	২৭	৫	২১	২৬	-
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	-	১	১	৩	১০	১৩	-
ব্যান্ডক	-	-	-	-	-	-	-
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোখিয়েটার	-	-	-	-	-	-	-
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	-	৩	৩	৪	১	৫	-
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	-	-	-	-	-	-	-
<b>মোট=</b>	<b>১৮</b>	<b>১৭</b>	<b>৩৫</b>	<b>৪৪</b>	<b>৩২</b>	<b>৭৬</b>	<b>-</b>

**১.৭ ভ্রমণ/ পরিদর্শন (দেশে)**

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/ উপ-মন্ত্রী/স্পেশাল এসিস্টেন্ট	সচিব	মন্তব্য
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	১৫ দিন	-	১১ দিন	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	-	-	-	-
<b>মোট=</b>	<b>১৫ দিন</b>	<b>-</b>	<b>১১ দিন</b>	<b>-</b>

**১.৮ ভ্রমণ/ পরিদর্শন (বিদেশে)**

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/ উপ-মন্ত্রী/স্পেশাল এসিস্টেন্ট	সচিব	মন্তব্য
-	৪৫ দিন	-	৩৯ দিন	-

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ ব্যয়/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: ৬ টি বিবরণী দাখিল করা হয়।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

(অঙ্ক সমূহ কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম	অডিট আপত্তি		ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তি	
		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)
১.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	২৩টি	৩৯.৮০৬৫	-	৫টি	৯.৬২৩১	১৮টি	৩০.১৮৩৪
২.	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	৩২০টি	২২১.৩৬	১২২টি	২২টি	৩.১২	২৯৮টি	২১৮.২৪
৩.	বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	৪২২টি	৪৮.১৮১৮	৪২২টি	৭৭টি	৬.৩৮৪২	৩৪৫টি	৪১.৭৯৭৬
৪.	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	৩৭টি	৪.৭৯৬	২৭টি	১৪টি	০.৩৩১৫	২৩টি	৪.৪৬৪৫
৫.	বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যাপ্সডক)	৩৮টি	২.৫৮	২৮টি	১৩টি	.৬৮	২৫টি	১.৯০
৬.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	৩০টি	২৭.৯৫	১৫টি	১৫টি	৪.৩৪	১৫টি	২৩.৬১
৭.	ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	১১টি	.৯৩১৯	১১টি	৮টি	.৭৯১৯	৩টি	.১৪
৮.	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	১৪টি	৪.১৮৬	৮টি	-	৪.১৮৬	১৪টি	-
সর্বমোট=		৮৯৫টি	৩৪৯.৭৯২২	৬৩৩টি	১৫৪টি	২৯.৪৫৬৭	৭৪১টি	৩২০.৩৩৫৫

২.২ অডিট রিপোর্টে গুরুতর/ বড় রকমের কোন জালিয়াতি/ অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেস সমূহের তালিকা: প্রযোজ্য নয়

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ সংস্থার নাম	প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
		চাকুরীচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দন্ড	মোট	
	১	২	৩	৪	৫	৬
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-	-	-	-	-	-
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	৭	১	-	৩	৪	৩
বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	৯	২	৩	-	৫	৪
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	২	-	১	-	১	১
ব্যাপ্সডক	-	-	-	-	-	-
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	২	-	-	-	-	২
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	-	-	-	-	-	-
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	-	-	-	-	-	-
মোট=	২০	৩	৪	৩	১০	১০

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

মন্ত্রণালয়/সংস্থার নাম	সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ / আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	-	-	-	-	-
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	৪	১১	-	১৫	১৮
বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	-	৫	-	৫	২
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	-	৮	১	৯	-
ব্যাপসডক	-	-	-	-	-
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	-	১	-	১	-
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	-	-	-	-	-
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	-	-	-	-	-
মোট=	৪	২৫	১	৩০	২০

(৫) মানবসম্পদ উন্নয়ন:

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

মন্ত্রণালয়/সংস্থার নাম	প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	৪৯টি	৬৭১ জন
বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	৫৬টি	৩০৭ জন
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	১২টি	২০ জন
ব্যাপসডক	৩টি	৭৩ জন
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	-	-
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	৮টি	১৬৬ জন
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	৩৮টি	২৩৬ জন
মোট=	১৬৬টি	১৪৭৩ জন

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী অর্থ-বছরে (২০১৬-১৭) কোন ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে ৬০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:**

কমিশনের ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ৯টি; সেন্টার ফর রিসার্চ রিএক্টর কর্তৃক ২৪ টি; আইটিবিবিআর কর্তৃক ৩টি; পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা কর্তৃক ৭টি; সিইএফ কর্তৃক ১টি; ইনস্টিটিউট অব ইলেকট্রনিক্স কর্তৃক ২টি; ইনস্টিটিউট কম্পিউটার সায়েন্স কর্তৃক ১টি এবং নিনমাস, শাহবাগ কর্তৃক ২টি সহ মোট ৪৯টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

**বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর):**

বিসিএসআইআর-এ মোট ৯০ জন প্রশিক্ষণার্থীকে ৩দিন উন্নয়ন প্রকল্প ও রাজস্ব বাজেটের মাধ্যমে সংগৃহীত যন্ত্রের উপর ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া ৯০ জন বিজ্ঞানী ও কর্মকর্তাকে ৩দিন শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:**

কর্মরত কর্মচারীদেরকে বিভিন্ন বিষয়ের উপর ৮৩ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যাঙ্গডক):**

- (১) ব্যাঙ্গডকে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে ৫৫ জন ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।  
 (২) ৫টি ইন্টারশীপ কোর্স পরিচালিত হয়েছে এবং ১০২ জন অংশ গ্রহণ করেছে।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:** জনপ্রতি ৬০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি:**

বিভিন্ন বিষয়ের উপর জনপ্রতি ৬০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

- ৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়  
 ৫.৪ মন্ত্রণালয়ে অনু দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অনু দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়  
 ৫.৫ প্রতিবেদনাদীন অর্থ-বছরে (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে ৩১ জন, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন থেকে ২১২ জন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ থেকে ৫ জন, নভোথিয়েটার ৪ জন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর থেকে ১০ জন, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি থেকে ৩ জন এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে ৭৪ জন সর্বমোট= ৩৩৯ জন  
 (৬) **সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):**

মন্ত্রণালয়/সংস্থার নাম	দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	৬৫টি	২৬০০ জন
বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	২৪টি	৩৭জন
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	৮০টি	৮৯৩৩ জন
ব্যাঙ্গডক	৯টি	৬৬৯ জন
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	৪টি	২০০ জন
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	১টি	১৯ জন
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	৫টি	১০০ জন
মোট=	১৮৮টি	১২৫৫৮ জন

**(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):**

মন্ত্রণালয়/সংস্থার নাম	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের ইন্টারনেট সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে লেন (LAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
					কর্মকর্তা	কর্মচারি
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	৭৫ টি	আছে	আছে	আছে	৩২ জন	৫২ জন
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	৫০ টি	আছে	আছে	আছে	৬৫ জন	৮৫ জন
বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)	৫০ টি	আছে	আছে	আছে	১১৯জন	৩৯ জন
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	২৮ টি	আছে	আছে	আছে	১৬ জন	৩৮ জন
ব্যাঙ্গডক	২৫ টি	আছে	আছে	আছে	৫ জন	১৫ জন
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	২৯ টি	আছে	আছে	আছে	৯ জন	৩২ জন
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি	৪৪ টি	আছে	আছে	আছে	২৫ জন	৩০ জন
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	১৬ টি	আছে	আছে	আছে	২৫ জন	১৬ জন
মোট=	৩১৭টি	আছে	আছে	আছে	২৯৬ জন	৩০৭ জন

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা আদায়কৃত রাজস্ব থেকে সরকারী কোষাগারে জমার পরিমাণ (কোটি টাকায়):

(অর্থ বিভাগের জন্য)

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:

		২০১৬-২০১৭		২০১৫-২০১৬		হাস(-)/বৃদ্ধির (+) হার	
		লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
রাজস্ব আয়	ট্যাক্স রেভিনিউ						
	নন-ট্যাক্স রেভিনিউ	২৯.৫০	৩০.৫০	২৬০০.০০	২৮.৭০	(+)১৩.৪৬%	(+) ৬.২৭%
উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে)							
লভ্যাংশ হিসাবে							

বিসিএসআইআর:

		২০১৬-২০১৭		২০১৫-২০১৬		হাস(-)/বৃদ্ধির (+) হার	
		লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
১		২	৩	৪	৫	৬	৭
রাজস্ব আয়	ট্যাক্স রেভিনিউ	-	-	-	-	-	-
	নন-ট্যাক্স রেভিনিউ	১০.২০	১১.৮৮	১০.০০	১১.৮৩	২%	.৪২%
উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে)		-	-	-	-	-	-
লভ্যাংশ হিসাবে		-	-	-	-	-	-

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:

		২০১৬-২০১৭		২০১৫-২০১৬		হাস (-)/বৃদ্ধির (+) হার	
		লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
১		২	৩	৪	৫	৬	৭
রাজস্ব আয়	ট্যাক্স রেভিনিউ	-	-	-	-	-	-
	নন-ট্যাক্স রেভিনিউ	.৫৭	.৫৪	২.৯৯	.৪৯	(-) ৮১%	(+) ১০%
উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে)		-	-	-	-	-	-
লভ্যাংশ হিসাবে		-	-	-	-	-	-

ব্যাঙ্গডক:

		২০১৬-২০১৭		২০১৫-২০১৬		হাস(-)/বৃদ্ধির (+) হার	
		লক্ষ্য মাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্য মাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্য মাত্রা	প্রকৃত অর্জন
রাজস্ব আয়	ট্যাক্স রেভিনিউ	-	-	-	-	-	-
	নন-ট্যাক্স রেভিনিউ	.০১৫	.০০৮৬	.২৭৭৩	০.০২৮০	(-) ১৭০%	(-) ২২৫%
উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে)		-	-	-	-	-	-
লভ্যাংশ হিসাবে		-	-	-	-	-	-

(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট:

৯.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা:

গত ০৮ এপ্রিল ২০১৭ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর ভারত সফরকালে নয়াদিল্লীতে উভয় দেশের মধ্যে মোট ৩টি চুক্তি স্বাক্ষর হয়, যা বন্ধুপ্রতীম উভয় দেশের সৌহার্দ্য সূচক এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ তথা বাংলাদেশের পারমাণবিক জগতে প্রবেশের অন্যতম মাইলফলক হিসেবে পরিগণিত হবে। এছাড়া ৪টি প্রবিধানমালা জারী করা হয়েছে। চুক্তি ও প্রবিধানমালাসমূহ নিম্নরূপ:

১. ‘Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of India on Cooperation in the Peaceful Uses of Nuclear Energy’
২. ‘Inter-Agency Agreement between Global Centre for Nuclear Energy Partnership (GCNEP), Department of Atomic Energy, Government of India and Bangladesh Atomic Energy Commission (BAEC), Ministry of Science and Technology, Government of People’s Republic of Bangladesh on Cooperation regarding Nuclear Power Plant Project in Bangladesh’
৩. ‘Arrangement between The Atomic Energy Regulatory Board (AERB) of the Government of the Republic of India and Bangladesh Atomic Energy Regulatory Authority (BAERA), the Government of the People’s Republic of Bangladesh for the Exchange of Technical Information and Co-operation in the Regulation of Nuclear Safety and Radiation Protection’
৪. বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাপডক)-এর চাকুরি প্রবিধানমালা, ২০১৭।
৫. বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭।
৬. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭।
৭. ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১-এর অধিকতর সংশোধনী।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ড:

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:

(১) বঙ্গবন্ধু ফেলোশিপ কর্মসূচি:

বঙ্গবন্ধু ফেলোশিপ কর্মসূচির আওতায় ২০১৬-১৭ অর্থ-বছরে দেশে ২৮ জন পিএইচডি সম্পন্ন করছেন। বিদেশে ৪ জন পিএইচডি এবং ৭ জন এমএস সম্পন্ন করছেন। ২০১৬-১৭ অর্থ-বছরে এ প্রকল্পে ৫ কোটি ৮২ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। উল্লেখ্য, এ প্রকল্পের আওতায় ২২৫ জন ফেলোর দেশে-বিদেশে পিএইচডি, পিএইচডি উত্তর ও এমএস করার ব্যবস্থা রয়েছে এবং এ পর্যন্ত ২২১ জনকে ফেলোশিপ প্রদান করা হয়েছে।

(২) গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের বিশেষ অনুদান কর্মসূচি:

দেশে বিজ্ঞান চর্চা, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণা ও উন্নয়ন কাজে উৎসাহ ও অনুপ্রেরণা প্রদানের জন্য বিজ্ঞান এবং প্রযুক্তি গবেষণা খাত হতে গবেষণা প্রকল্পে অনুদান প্রদান করা হয়। ২০১৬-১৭ অর্থ-বছরে গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের বিশেষ অনুদান কর্মসূচির আওতায় ৩৮৩টি প্রকল্পের বিপরীতে ১১ কোটি ২৭ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়।

(৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ কর্মসূচি:

বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে গবেষণারত ছাত্রছাত্রী/গবেষকদের গবেষণা কাজে সহায়তার জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ কর্মসূচির আওতায় বিভিন্ন ক্যাটাগরিতে ((১) ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ন্যানোটেকনোলজি ও লাগসই প্রযুক্তি বিষয়ক (২) জীব বিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞান বিষয়ক (৩) খাদ্য ও কৃষি বিজ্ঞান বিষয়ক এবং (৪) পূর্ববর্তী বছরে এমফিল ও পিএইচডি কোর্সে ফেলোশিপ

প্রাপ্ত ফেলোদের নবায়নসহ ২০১৬-১৭ অর্থ-বছরে ১৭০২ জন ছাত্র-ছাত্রী/গবেষককে ৯ কোটি ৯১ লক্ষ ১৭ হাজার ৪৫০ টাকা ফেলোশিপ প্রদান করা হয়।

**(৪) প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R & D) প্রকল্পে অনুদান:**

বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন এবং গবেষণার মান বৃদ্ধির লক্ষ্যে দেশীয় বিজ্ঞানীগণকে তাঁদের চলমান/প্রস্তাবিত গবেষণা প্রকল্পের জন্য প্রতি অর্থ বছরে এ মন্ত্রণালয় হতে অনুদান প্রদান করা হয়। ২০১৬-১৭ অর্থ-বছরে এ খাতে ১২৬টি প্রকল্পের অনুকূলে ৭৪ লক্ষ ৬০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। গত ২২ জুন ২০১৭ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার সম্মেলন কক্ষে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রাপ্ত ৮০টি প্রকল্পের সাফল্য ও অর্জন সম্পর্কে অবহিতকরণ বিষয়ক একটি সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এবং বিশেষ অতিথি ছিলেন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন।

**(৫) বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/ প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান:**

২০১৬-১৭ অর্থ-বছরে ৮৭টি বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**(৬) বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান /বিজ্ঞান ক্লাবসমূহে আর্থিক অনুদান:**

২০১৬-২০১৭ অর্থ বছরে ৯৮টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞানাগারের ব্যবহার্য কেমিক্যাল/যন্ত্রপাতি ক্রয়, বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনের জন্য ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।

**(৭) দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী:**

২০১৬-১৭ অর্থ-বছরে ১৬ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়ে মোট ২৪টি উপ জেলায় দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে।

**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:**

**পরমাণু বিদ্যুৎ উৎপাদনে পদক্ষেপ গ্রহণ:** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ (১ম পর্যায়) প্রকল্পের বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ, ভারত ও রাশান ফেডারেশনের মধ্যে একটি ত্রিপাক্ষিক সভা ১৬-১৭ জুন ২০১৭ সময়ে রাশিয়ার মস্কোতে অনুষ্ঠিত হয়েছে।
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কার্য সম্পাদনের লক্ষ্যে স্বাক্ষরিত General Contract এর বিপরীতে ঋণপত্র (L/C) খোলা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে (L/C টেন্ডার, HS code ইত্যাদি) আলোচনার জন্য বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক লিমিটেড, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে একটি সভা চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর সভাপতিত্বে ১৫ জুন ২০১৭ তারিখে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবনে (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) অনুষ্ঠিত হয়েছে।
- (৩) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজের অগ্রগতি সরেজমিনে মূল্যায়নের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রতিনিধিবৃন্দসহ আইএমইডি এর পরিচালক, ড. রনজিৎ কুমার সরকার ১৬ জুন ২০১৭ তারিখে প্রকল্প সাইট পরিদর্শন করেছেন।
- (৪) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও ঠিকাদারী প্রতিষ্ঠান রাশান ফেডারেশনের জেএসসি এটমস্ট্রয়এক্সপোর্ট (JSC EC ASE)-এর মধ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে ১৬তম Coordination Meeting ১৫ মে ২০১৭ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় JSC EC ASE এর প্রেসিডেন্ট Mr. V. L. Limarenko, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় সচিব এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান উপস্থিত ছিলেন।



- (৫) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের শুল্ক স্টেশনের জন্য অবকাঠামো নির্মাণে লে-আউট প্ল্যান প্রস্তুতকরণের বিষয়ে প্রকল্প অফিস, কমিশনার (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী) এবং রাশান ফেডারেশনের জেএসসি এটমস্ট্রয়এক্সপোর্ট এর প্রতিনিধিবৃন্দের মধ্যে ২৪ মে ২০১৭ তারিখে রূপপুরস্থ প্রকল্প সাইটে একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় শুল্ক স্টেশনের অবকাঠামো নির্মাণের লে-আউট প্ল্যান চূড়ান্ত হয়েছে।
- (৬) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের বাস্তবায়ন মনিটরিং এর জন্য মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সভাপতিত্বে গত ০৬ এপ্রিল ২০১৭ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রকল্পের আবাসন (গ্রীন সিটি) নির্মাণ, বৈদ্যুতিক ও টেলিযোগাযোগ অবকাঠামো নির্মাণ কার্যক্রম, মালামাল পরিবহনের লক্ষ্যে নৌ-রুট চালুকরণ, প্রকল্পের জনবল নিয়োগ, **Physical Protection System** ও **Cyber Security System** প্রতিষ্ঠা, **NBR** কর্তৃক জারিকৃত **SRO** ইত্যাদি বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৭) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃরাষ্ট্রীয় ঋণের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সোনালী ব্যাংক লিমিটেড এবং রাশান ফেডারেশনের **Vnesheconombank** এর মধ্যকার **Interbank Arrangement** এর খসড়া চুক্তির উপর আলোচনার জন্য ২৫ এপ্রিল ২০১৭ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে আন্তঃমন্ত্রণালয় সভা এবং ২৬ এপ্রিল ২০১৭ তারিখে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবন, (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা)-এর সভাকক্ষে একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় **Interbank Arrangement** সম্পাদনের বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।
- (৮) গত ০৩-০৬ এপ্রিল ২০১৭ তারিখে কক্সবাজারের ইনানীস্থ **Royal Tulip Sea Pearl Beach Resort**-এ **IAEA**-এর “**39<sup>th</sup> Regional Meeting of National Representatives**” শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশসহ ১৯টি দেশের মোট ৪১ জন প্রতিনিধি এ সভায় অংশগ্রহণ করেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে এ সভা উদ্বোধন করেন।
- (৯) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও রাশান ফেডারেশনের **Rosatom**-এর ডেপুটি ডাইরেক্টর জেনারেল **Mr. N.N Spassky** এর মধ্যে গত ১৪ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক সভায় খসড়া ‘**Agreement between the Government of Russian and the Government of the People’s Republic of Bangladesh on Cooperation Concerning Return of Spent Nuclear Fuel From Rooppur Nuclear Power Plant to the Russian Federation**’ চূড়ান্ত করা হয়। উক্ত **IGA on Spent Nuclear Fuel** ১৫ মার্চ ২০১৭ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে রাশান ফেডারেশনের পক্ষে **Mr. N. N Spassky** এবং বাংলাদেশ পক্ষে জনাব মো: আনোয়ার হোসেন, অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক অনুস্বাক্ষরিত হয়েছে।
- (১০) ১ - ৫ মার্চ ২০১৭ সময়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের একটি দল বাস্তব অভিজ্ঞতা লাভের জন্য রাশান ফেডারেশনে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের রেফারেন্স প্লান্ট নভোভরনেবা-২ এনপিপি পরিদর্শন করেছেন।
- (১১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের **Physical Protection System (PPS)** প্রণয়ন বিষয়ে ২৭তম ও ২৮তম সমন্বয় সভা যথাক্রমে ১৮ ও ২৭ মার্চ ২০১৭ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ভৌত সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত **Working Group** এর সদস্যগণ উপস্থিত ছিলেন।
- (১২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য রাশান ফেডারেশনের জেএসসি এটমস্ট্রয়এক্সপোর্ট এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মধ্যে গত ০৭/০২/২০১৭ খ্রিঃ তারিখে ১৪তম **Joint Coordination Meeting** ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।
- (১৩) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পরিচালন এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় দক্ষ জনবলের প্রশিক্ষণের জন্য গুপ্তভিত্তিক রাশান ফেডারেশনে প্রেরণের বিষয়টি চূড়ান্তকরণের লক্ষ্যে রাশান ফেডারেশনের এটমস্ট্রয়এক্সপোর্ট এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মধ্যে **Joint Training Advisory Commission (JTAC)**-এর **Kick off** সভা ৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

- (১৪) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল স্থাপনার ভিত্তির জন্য নির্বাচিত **Deep Soil Mixing Technology [Soil Improvement Technology]** অনুসরণপূর্বক **Soil Stabilization** কাজ শুরু করার পূর্বে **Pilot Test** এলাকায় **Field Test** ২০ ফেব্রুয়ারি ২০১৭ আন্তর্জাতিক বিশেষজ্ঞের কারিগরি সহায়তায় প্রকল্প এলাকায় সম্পাদিত হয়েছে।
- (১৫) বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে ২৫-৩১ জানুয়ারি ২০১৭ সময়ে জাতির পিতার জন্মস্থান টুঞ্জিপাড়া, গোপালগঞ্জে একাদশ জাতীয় রোভার মুট ২০১৭ অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত জাতীয় রোভার মুট ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে উদ্বোধন করেছেন। উক্ত মুটে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক মুট এরিনায় দু'টি জিডিভিতে (গ্লোবাল ডেভেলপমেন্ট ভিলেজ) অনুষ্ঠিত বিজ্ঞান মেলায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প অংশগ্রহণ করেছেন।
- (১৬) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের **Supplementary Contracts (Nuclear Fuel Supply Contract, operation & Maintenance of Rooppur NPP Contract** বিষয়ে রাশান ফেডারেশনের প্রতিনিধিবৃন্দের সাথে বাংলাদেশ পক্ষের দ্বিপাক্ষিক আলোচনা সভা ১৫ জানুয়ারি ২০১৭ হতে ০৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে।
- (১৭) বাস্তব অভিজ্ঞতা লাভের জন্য পরিবেশ অধিদপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের একটি দল ১৫-২২ জানুয়ারি ২০১৭ সময়ে রাশান ফেডারেশনে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের রেফারেন্স প্ল্যান্ট নভোভরনেঝ-২ এনপিপি পরিদর্শন করেছেন।
- (১৮) “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পটি গত ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্পটির মোট ব্যয় ১১৩,০৯২,৯১,২৭,০০০ (এক লক্ষ তের হাজার বিরানববই কোটি একানববই লক্ষ সাতাশ হাজার) টাকা। এর মধ্যে জিওবি ২২,০৫২,৯১,২৭,০০০ (বাইশ হাজার বায়ান্ন কোটি একানববই লক্ষ সাতাশ হাজার) টাকা এবং প্রকল্প সাহায্য (রাশান ফেডারেশন) ৯১,০৪০,০০,০০,০০০ (একানববই হাজার চল্লিশ কোটি) টাকা।
- (১৯) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভা ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) জনাব মো: আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য জনবল নিয়োগ ও প্রশিক্ষণ, **Physical Protection System** এবং প্রকল্পের জন্য অতিরিক্ত জমি বরাদ্দসহ কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২০) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলী চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য পদক্ষেপ গ্রহণে ওয়ার্কিং গ্রুপকে সহায়তা করার লক্ষ্যে ভারী যন্ত্রপাতি ট্রান্সপোর্টেশন প্ল্যানিং এর ২য় সভা ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বন্দরসমূহে স্থায়ী/অস্থায়ী জেটি নির্মাণ, প্রকল্প সাইট পর্যন্ত সড়ক, রেল ও নৌ-পথ সংশ্লিষ্ট বিভিন্ন অবকাঠামোর প্রয়োজনীয় সংস্কারসহ কতিপয় গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- (২১) **Fast Track-ভুক্ত** প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং **Fast Track-ভুক্ত** প্রকল্প সংশ্লিষ্ট নিরাপত্তা বিষয়ে **Fast Track Project Monitoring Task Force**-এর ৯ম সভা ৩ নভেম্বর ২০১৬ তারিখে মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় ও সভাপতি “**Fast Track Project Monitoring Task Force**”-এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের নিরাপত্তা বিষয়সহ প্রকল্পের সার্বিক বিষয়ে আলোচনা করা হয়েছে।
- (২২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের মূল পর্যায়ের কার্যাবলী সম্পাদনে স্বাক্ষরিত **General Contract** এর অনির্দিষ্ট **Appendices** এবং **Associated Contract** এর বিষয়ে রাশান ফেডারেশনের **JSC Atomstroyexport** এর প্রতিনিধিবৃন্দের সাথে বাংলাদেশের প্রতিনিধিবৃন্দের দ্বিপাক্ষিক আলোচনা সভা ১৯ নভেম্বর ২০১৬ হতে ০৮ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত রাশিয়ায় অনুষ্ঠিত হয়েছে।
- (২৩) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্পের **Communication System** স্থাপনের জন্য ২৭ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ টেলিকমিনিকেশন কোম্পানি লি: এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

- (২৪) ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আয়োজিত ১৯-২১ অক্টোবর ২০১৬ তারিখে **International Convention Center Basundhara (ICCB)**-তে “ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬” প্রোগ্রামে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাধ্যমে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের বিভিন্ন কার্যক্রম জনগণের কাছে তুলে ধরা হয়েছে। উক্ত প্রোগ্রামে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সম্পর্কে জনগণের ইতিবাচক সাড়া পাওয়া গিয়েছে।
- (২৫) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের **Communication Strategy** বিষয়ে ২০ অক্টোবর ২০১৬ তারিখে কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবন (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) এর সভাকক্ষে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উক্ত সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: আনোয়ার হোসেন। সেমিনারে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক **Communication Strategy for Rooppur Nuclear Power Plant** বিষয়বস্তুটি উপস্থাপন করেছেন।
- (২৬) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের মূল পর্যায়ের কার্যাবলী সম্পাদনে স্বাক্ষরিত **General Contract** এর অনির্পন্ন **Appendices** এবং **Associated Contract** এর বিষয়ে রাশান ফেডারেশনের **JSC Atomstroyexport** এর প্রতিনিধিবৃন্দের সাথে বাংলাদেশের প্রতিনিধিবৃন্দের দ্বিপাক্ষিক আলোচনা সভা ১৫ অক্টোবর ২০১৬ হতে ০৩ নভেম্বর ২০১৬ পর্যন্ত ঢাকায় অনুষ্ঠিত হয়েছে।
- (২৭) **International Atomic Energy Agency (IAEA)** কর্তৃক আয়োজিত ২৬-৩০ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ভিয়েনা, অস্ট্রিয়ায় অনুষ্ঠিত **60<sup>th</sup> IAEA General Conference**-এ মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়-এর নেতৃত্বে বাংলাদেশের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করেছেন। উক্ত **Conference**-এ বাংলাদেশের পক্ষ হতে একটি স্টল দেয়া হয়।
- (২৮) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের **Physical Protection System (PPS)** ও **Design Basis Threat (DBT)** প্রণয়ন সংক্রান্ত অভিজ্ঞতা অর্জনের জন্য **Working Group** এর সদস্যগণ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের রেফারেন্স প্ল্যান্ট রাশান ফেডারেশনে অবস্থিত নভোভরোনেব-২ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ০৫-১০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পরিদর্শন করেছেন।
- (২৯) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের মূল পর্যায়ের কার্যাবলী সম্পাদনে স্বাক্ষরিত **General Contract** এর অনির্পন্ন **Appendices** এবং **Associated Contract** এর বিষয়ে রাশান ফেডারেশনের **JSC Atomstroyexport** এর প্রতিনিধিবৃন্দের সাথে বাংলাদেশের প্রতিনিধিবৃন্দের দ্বিপাক্ষিক আলোচনা সভা ২৬ সেপ্টেম্বর ২০১৬ হতে ১৩ অক্টোবর ২০১৬ পর্যন্ত রাশিয়ায় অনুষ্ঠিত হয়েছে।
- (৩০) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের **SECURITY** এবং **PHYSICAL PROTECTION SYSTEM (PPS)** প্রতিষ্ঠার লক্ষ্যে রাষ্ট্রের নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট সরকারের শীর্ষ পর্যায়ের বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত কমিটি গত ৭ আগস্ট ২০১৬ তারিখ ঈশ্বরদী, পাবনায় অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে বিশেষজ্ঞগণ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের **Security** এবং **PPS** এর ডিজাইন প্রনয়ণের লক্ষ্যে বৈঠক করেন।
- (৩১) ০১ আগস্ট ২০১৬ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সভাকক্ষে জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড-এর সভাপতিত্বে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, মন্ত্রণালয়ের প্রতিনিধি, প্রকল্পের ঠিকাদারী প্রতিষ্ঠান রাশান ফেডারেশনের এটমস্টয়এক্সপোর্টের প্রতিনিধিবৃন্দ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।
- (৩২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল পর্যায়ের কার্যাবলী সম্পাদনে স্বাক্ষরিত **General Contract** এর অনির্পন্ন **Appendices** এবং **Associated Contracts** এর বিষয়ে রাশান ফেডারেশনের **JSC ASE** এর প্রতিনিধিবৃন্দের সাথে বাংলাদেশের প্রতিনিধিবৃন্দের দ্বিপাক্ষিক আলোচনা সভা ২৩ আগস্ট ২০১৬ হতে ০৬ সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত ঢাকায় অনুষ্ঠিত হয়েছে।
- (৩৩) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য রাশান ফেডারেশন সরকার কর্তৃক রাষ্ট্রীয় ঋণ (১১.৩৮৫ বিলিয়ন মার্কিন ডলার) প্রদানের লক্ষ্যে **Bangladesh-Russia Intergovernmental State Credit Agreement (IGSCA)** গত ২৬ জুলাই ২০১৬ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে রাশিয়ায় স্বাক্ষরিত হয়।

- (৩৪) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, সচিব মহোদয়গণসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ গত ১১ জুলাই ২০১৬ তারিখে ঈশ্বরদী, পাবনায় অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ স্থাপন প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন।
- (৩৫) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সম্পর্কে বাস্তবধর্মী ধারণা লাভের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের নেতৃত্বে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব মহোদয়গণসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণের একটি দল ১৭-২১ জুলাই ২০১৬ তারিখ রাশান ফেডারেশনে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Reference Plant Novovoronezh-2 Nuclear Power Plant পরিদর্শন করেছেন।
- (৩৬) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল পর্যায়ের কার্যাবলী সম্পাদনে স্বাক্ষরিত General Contract এর অনিষ্পন্ন Appendices এবং Associated Contracts বিষয়ে রাশান ফেডারেশনের JSC ASE এর প্রতিনিধিবৃন্দের সাথে বাংলাদেশের প্রতিনিধিবৃন্দের দ্বি-পাক্ষিক সভা ২৫ জুলাই-১০ আগস্ট ২০১৬ পর্যন্ত রাশান ফেডারেশনের মস্কোতে অনুষ্ঠিত হয়েছে।
- (৩৭) ১৮ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের SECURITY AND PHYSICAL PROTECTION SYSTEM (PPS) সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত প্রকল্পের ভৌত সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত Working Group এর সমন্বয় সভা ২৭ জুলাই ২০১৬ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধান মন্ত্রীর কার্যালয়-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Threat Assessment এবং এ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়।
- (৩৮) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে রাশান ঠিকাদারী প্রতিষ্ঠান জেএসসি এটমস্ট্রয়এক্সপোর্ট ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মধ্যে যৌথ সভা কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ২০ জুলাই ২০১৬ তারিখে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবন (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির সার্বিক অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।
- (৩৯) পারমাণবিক প্রযুক্তি বিষয়ে ২৬ জুলাই ২০১৬ তারিখে ঢাকাস্থ রূপপুর এনপিপি ভবন (৪, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা) এর সভাকক্ষে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ আলী জুলকারনাইন পারমাণবিক প্রযুক্তির বিভিন্ন বিষয় উপস্থাপন করেন।
- (৪০) ৩০ মে -০১ জুন ২০১৭ তারিখে International Conference on the IAEA Technical Cooperation Programme: Sixty Years and Beyond-Contributing to Development, Vienna, Austria অনুষ্ঠিতব্য Conference-এ IAEA আমন্ত্রণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধনী বক্তব্য উপস্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও আইএইএ-এর মহাসচিব মি. ইউকিয়া আমানো উক্ত Conference-এ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের স্থাপিত স্টল পরিদর্শন করেন এবং পরিদর্শন বহিতে স্বাক্ষর করেন।

#### অন্যান্য গবেষণা ও উন্নয়নমূলক কর্মকাণ্ড:

- (১) পরমাণু শক্তি কেন্দ্র ১০ টি বিভাগের বিভিন্ন গবেষণা কার্যক্রমের মাধ্যমে ৪১ জন ছাত্র/শিক্ষক/গবেষককে উচ্চতর ডিগ্রী অর্জনে গবেষণা সহায়তা প্রদান, গবেষণালব্ধ ফলাফল ৫৬ টি দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশ, গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিত করার লক্ষ্যে একটি সেমিনার/কর্মশালা এবং বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয় করণের লক্ষ্যে ৭ টি বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালার আয়োজন করে।
- (২) রসায়ন বিভাগের বিজ্ঞানীগণ কর্তৃক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প এলাকার পরিবেশের উপর রাসায়নিক দূষণের ক্ষতিকর প্রভাব পরীক্ষার্থে প্রকল্প এলাকার মাটি, ভূগর্ভস্থ পানি, তলানি, মাছ ও জলজ উদ্ভিদে বিভিন্ন ট্রেস মেটাল, Wilson's রোগ নির্ণয়ের জন্য ইউরিনে কপারের মাত্রা, বাংলাদেশের বিভিন্ন শহরের বাতাসে বায়ুকণা ও কালো কার্বনের পরিমাণ নির্ণয়ের মাধ্যমে Transboundary Contribution এবং Haze Creating কণার উৎস নির্ণয় করা হয়েছে। এ বিভাগ মোট ৩১৩৪ টি নমুনার বিশ্লেষণ কাজ সম্পন্ন করে মোট ৩৪৪৮০৮১/- (চৌত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার একাশি টাকা) আয় করে।
- (৩) এ প্রতিষ্ঠানের ইলেকট্রনিক্স যন্ত্রপাতিসমূহ সচল রাখার লক্ষ্যে ইলেকট্রনিক্স বিভাগ যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত এবং স্থাপনের কাজে সেবা প্রদান করে থাকে। এ বিভাগ গবেষণা কাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতিসহ কম্পিউটার, টেলিফোন এবং ইন্টারকম মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ সম্পাদন এবং মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে আহছানউল্লাহ ইনস্টিটিউট অব টেকনিক্যাল এন্ড ভকেশনাল এডুকেশন এন্ড ট্রেনিং ইনস্টিটিউটের ১২ জন ছাত্রকে ইলেকট্রনিক্স বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করেছে।

- (৪) বিকিরণ ব্যবহারকারী নতুন নিবন্ধনকৃত প্রতিষ্ঠানসহ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ৬,৮১৬ জন বিকিরণ কর্মীকে ব্যক্তি পরিরীক্ষণ সেবা প্রদানের মাধ্যমে ৪৫,৮৩,৮৮৮/- (পঁয়তাল্লিশ লক্ষ তিরিশ হাজার আটশত আটশি টাকা) রাজস্ব আয় করে। এছাড়া ১,৬১৫ টি খাদ্য নমুনায় তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষা করে মোট ৫৩,৪৪,৬১৫/- (তিপ্পান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত পনের টাকা) রাজস্ব আয় করেছে।
- (৫) মোট ১৫ টি প্রতিষ্ঠানকে এ সেবা প্রদান করে ৮,০০,৯৫০/- (আট লক্ষ নয়শত পঞ্চাশ টাকা) রাজস্ব আয় করে। এছাড়া এ বিভাগ মানব সম্পদ উন্নয়নে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, সার কারখানা, গ্যাসক্ষেত্র, জাহাজ নির্মাণ কারখানা, সিমেন্ট কারখানা, বাংলাদেশ বিমানবাহিনী, সমরাস্ত্র কারখানা প্রভৃতি প্রতিষ্ঠানের ৮১ জনকে এনডিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে।
- (৬) এ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ কর্মকান্ডের মধ্যে উল্লেখযোগ্য হলো মাইক্রো ও ন্যানো স্কেলে চুম্বকীয় বস্তু ও গবেষণা কর্মকান্ড সম্প্রসারণ। এছাড়াও হেমাটাইট ও কক্সবাজারের ম্যাগনেটাইট ব্যবহার করে নরম ফেরাইট চুম্বকীয় বস্তুর উদ্ভাবন ও গুণাগুণ পরীক্ষা, XRD ব্যবহার করে বিভিন্ন অজৈব ও ধাতব পদার্থের গুণাগুণ, গঠন ও পরিমাণগত মান নির্ণয়ের কাজ করেছে। বস্তু বিজ্ঞান বিভাগ কর্তৃক X-ray Diffraction and Scanning Electron Microscope-এর মাধ্যমে ০৪টি প্রতিষ্ঠানের সর্বমোট ৮০৯ টি নমুনার বিশ্লেষণ সেবা প্রদানের মাধ্যমে ৮২,৪৫০/- (বিরিশ হাজার চারশত পঞ্চাশ টাকা) রাজস্ব আয় করে।
- (৭) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সর্ববৃহৎ গবেষণা স্থাপনা হলো পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভার। প্রতিবেদনাধীন সময়ে গবেষণা ও উন্নয়নমূলক কাজে এ প্রতিষ্ঠানের বিভিন্ন ইনস্টিটিউট/ইউনিটসমূহে ৫০ জন ছাত্র/শিক্ষক/গবেষককে উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য গবেষণা সহায়তা প্রদান, দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে ৭৬ টি গবেষণালব্ধ ফলাফল প্রবন্ধাকারে প্রকাশ, গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিত করার লক্ষ্যে দুইটি সেমিনার/কর্মশালা এবং বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয় করণের লক্ষ্যে ২৫টি বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালার আয়োজন করে।
- (৮) পরমাণু বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউটি (আইএনএসটি) এর অন্তর্ভুক্ত বিভাগসমূহ ৭৯৯ টি নমুনার বিশ্লেষণ সেবা প্রদান করেছে।
- (৯) রেডিও আইসোটোপ প্রডাকশন বিভাগ, এইআরই, সাভার ২০১৬-২০১৭ অর্থবছরে মোট ৮০৪ টি টেকনিশিয়াম-৯৯এম জেনারেটর সরবরাহ এবং ১৩৩৩.৬৫ GBq আয়োডিন-১৩১ ডিসপেন্সিং করে ১টি জাতীয় পরমাণু চিকিৎসা ইনস্টিটিউটসহ মোট ১৫টি পরমাণু চিকিৎসা ইনস্টিটিউট এবং ৭টি সরকারী/বেসরকারী হাসপাতালে সরবরাহ করেছে। শুধু সরকারী/বেসরকারী হাসপাতালে সরবরাহ করে মোট ১,০৮,৬০,০০০/- (এক কোটি আট লক্ষ ষাট হাজার টাকা) রাজস্ব আয় করে।
- (১০) পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে স্থাপিত BAEC TRIGA Research Reactor (BTRR)-এর ১০ কি.মি. ব্যাসার্ধের মধ্যে সংগৃহীত পরিবেশগত নমুনা (যেমন মাটি, পুকুরের পানি, টিউবওয়েলের পানি, শাক-সবজি, দুধ, মাছ ইত্যাদি) সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণ শেষে গামা স্পেকট্রোমেট্রি সিস্টেমের সাহায্যে তথ্য (Data) সংগ্রহ করে তথ্য উপাত্ত প্রস্তুত করা হয়েছে। এ ছাড়া বিভিন্ন সরকারী ও বেসরকারী হাসপাতাল/ক্লিনিকের তেজস্ক্রিয় বর্জ্য নিরাপদে সংরক্ষণ, তেজস্ক্রিয়তা পরিমাপ এবং ৮৫ টি যন্ত্রের ডোজিমিট্রি ও ক্যালিব্রেশন -এর কাজ সম্পাদন করে।
- (১১) ধানের প্লাস্ট গ্রোথ প্রমোটর হিসেবে ওলিগো কাইটোসান প্রয়োগ এবং বিভিন্ন গবেষণা কাজে ব্যবহৃত গবেষণাগারের পানির মান নির্ণয়ের কাজ সম্পন্ন করেছে।
- (১২) খাদ্য ও বিকিরণ জীববিজ্ঞান ইনস্টিটিউট (আইএফআরবি) নানাবিধ গবেষণা ও উন্নয়নমূলক কাজে ৪৮১ টি নমুনা বিশ্লেষণের কাজ সম্পন্ন করেছে।
- (১৩) ইরেডিয়েশন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গবেষণা কার্যক্রমের পাশাপাশি পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন গবেষণা ইনস্টিটিউটসহ সরকারী/বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানকে বিকিরণ সেবা প্রদান করেছে এবং বিভিন্ন কোম্পানী কর্তৃক প্রেরিত ৭৮ টন খাদ্য ও ৩,৪৮৯ সিএফটি চিকিৎসা সামগ্রী নমুনায় বিকিরণ সেবা প্রদান করে ৫৪,০৮,১২৬/- (চুয়ান্ন লক্ষ আট হাজার একশত ছাট্বিশ টাকা) রাজস্ব আয় করে।
- (১৪) বাংলাদেশের বিভিন্ন জাতের ফল, খাদ্যদ্রব্য, দুধ ইত্যাদির Functional properties যেমন phenol, flavonoid, Vitamin C, reducing sugar, TSS, acidity, pH ইত্যাদি এবং বিভিন্ন কোম্পানী কর্তৃক উৎপাদিত খাদ্যসামগ্রীর পুষ্টিমান বিশ্লেষণ/অ্যানালাইসিস -এর কাজ সম্পন্ন করেছে।
- (১৫) গবেষণার পাশাপাশি বিভিন্ন ঔষধ ও খাদ্যদ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের খাদ্যসামগ্রী, পানি এবং চিকিৎসা সামগ্রীর মাইক্রোবায়োলজিক্যাল বিশ্লেষণ সেবা প্রদান করে ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার টাকা) রাজস্ব আয় করে।

- (১৬) স্থাপিত ৩৫০ কিলো কিউরি কোবাল্ট-৬০ ইরেডিয়েটরটি গবেষণা ও সেবা প্রদানে ব্যবহার করে চিকিৎসাসামগ্রী জীবাণু ও দূষণমুক্তকরণ, কৃষিজাত পণ্যের সঞ্চারোধ (Quarantine) ও সংরক্ষণ, দ্রব্যের গুণগতমান উন্নয়ন, চিংড়ির খোসা এবং সামুদ্রিক শেওলা থেকে শস্য, ফল ইত্যাদির উৎপাদন বৃদ্ধি সহায়ক উপাদান তৈরির কাজ সম্পাদন করেছে। এ ইনস্টিটিউট বিভিন্ন গবেষণাগারে ব্যবহৃত পানিসহ বিভিন্ন কোম্পানী থেকে প্রেরিত ৫৩.৩০ টন খাদ্য সামগ্রীতে বিকিরণ সেবা প্রদান করে ২০,১৮,৯২১/- (বিশ লক্ষ আঠার হাজার নয়শত একশ টাকা) রাজস্ব আয় করেছে। এছাড়া বিভিন্ন প্রকার (৪টি) মৌশুমী খাদ্য সংরক্ষণ এবং প্লান্টের গ্রোথ প্রমোটর হিসাবে ফরমালিনের বিকল্প কাইটোসানের সফল প্রয়োগ সম্পাদন করেছে।
- (১৭) সাভারস্থ তিন মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ট্রিগা মার্ক-২ গবেষণা রিঅ্যাক্টরটি বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সর্বাধিক গুরুত্বপূর্ণ পরমাণু গবেষণা স্থাপনা। গবেষণা রিঅ্যাক্টরটি নিউট্রন একটিভেশন এনালাইসিস, নিউট্রন রেডিওগ্রাফি, নিউট্রন স্ক্যাটারিং গুপের বিভিন্ন গবেষণা ও উন্নয়ন কার্যক্রম এবং মানব সম্পদ উন্নয়নে জনবল প্রশিক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত হয়। সেন্টার ফর রিসার্চ রিঅ্যাক্টর এর প্রকৌশলী/বিজ্ঞানীগণ রিঅ্যাক্টরটি সুষ্ঠুভাবে চালনা ও রক্ষণাবেক্ষণ করছেন। রিঅ্যাক্টর চালনা ও রক্ষণাবেক্ষণ ছাড়াও IAEA-এর সাথে Non-Proliferation Treaty (NPT)-এর অধীনে সম্পাদিত দ্বিপাক্ষিক Safeguards Agreement এবং Protocol Additional to the Safeguards Agreements-এর আওতায় বিভিন্ন ধরনের প্রতিবেদন, যেমন Inventory Change Report (ICR), Material Balance Report (MBR), Physical Inventory Listing (PIL), Yearly and Quarterly Update Declarations ইত্যাদি নিয়মিত প্রস্তুত ও প্রেরণ করছেন। গবেষণা কাজে ব্যবহারসহ বিভিন্ন প্রশিক্ষণের কাজের জন্য সর্বমোট ১৪৮.২৫ ঘন্টা (২৫৭ MWh) রিঅ্যাক্টর চালনা করে ২২৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- (১৮) অব্যবহৃত/পরিত্যক্ত বিভিন্ন প্রকার প্রাণীজ/মানবীয় টিস্যু সংগ্রহ করে বিজ্ঞান সম্মতভাবে প্রক্রিয়াজাতকরণ এবং বিকিরণের সাহায্যে জীবাণুমুক্তকরণ ও যথাযথ মান নিয়ন্ত্রণ করে পুনর্বাসন শল্যচিকিৎসায় ব্যবহারের জন্য দেশের বিভিন্ন হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্রে সরবরাহ করেছে। এ অর্থ-হরে এ প্রতিষ্ঠানের গবেষণাগারে ৫,৭২৫ টি অ্যামনিয়ন গ্রাফট এবং ১৫,৫৩৩ সিসি অস্থি গ্রাফট প্রক্রিয়াজাতকরণ, বিকিরণের সাহায্যে জীবাণুমুক্তকরণ ও মান-নিয়ন্ত্রণের কাজ সম্পন্ন করে দেশের বিভিন্ন হাসপাতাল/ক্লিনিকে সরবরাহ করে রোগীদের সেবা প্রদানের মাধ্যমে ৭,৬৯,৩৪০/- (সাত লক্ষ উনসত্তর হাজার তিন শত চল্লিশ টাকা) রাজস্ব আয় করে।
- (১৯) পরমাণু শক্তি কেন্দ্র, চট্টগ্রাম ৪ টি যন্ত্রের ক্যালিব্রেশন কাজ সম্পাদন করেছে এবং আমদানীকৃত ১৫,১১৯ টি খাদ্য নমুনার তেজস্ক্রিয়তা পরীক্ষা করে মোট ১৮,৪২,৫৭,৪৯২/- (আঠার কোটি বিয়াল্লিশ লক্ষ সত্তান হাজার চারশত বিরানব্বই টাকা) রাজস্ব আয় করে।
- (২০) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলাইড সায়েন্সসহ দেশের বিভিন্ন মেডিকেল কলেজ/সদর হাসপাতাল সংলগ্ন ১৫টি ইনমাস (ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলাইড সায়েন্স) যেমন: ঢাকা, মিটফোর্ড, দিনাজপুর, রংপুর, রাজশাহী, বগুড়া, ফরিদপুর, ময়মনসিংহ, বরিশাল, সিলেট, খুলনা, কুমিল্লা, কক্সবাজার ও চট্টগ্রাম-এ প্রায় ৪ লক্ষ রোগীকে পরমাণু চিকিৎসা সেবা ও ৫,৬৬৮ টি রুগীর রক্ত নমুনা বিশ্লেষণ সেবা প্রদান করে সর্বমোট ২৫,০৩,৭১,৪৯৯/- (পঁচিশ কোটি তিন লক্ষ একাত্তর হাজার চারশত নিরানব্বই টাকা) রাজস্ব আয় করে। এ সেবা প্রদানের পাশাপাশি ২২ জন ছাত্র/শিক্ষক/গবেষককে উচ্চতর ডিগ্রী অর্জনে গবেষণা সহায়তা প্রদান, গবেষণালব্ধ ফলাফল ৩৫ টি দেশীয়/আন্তর্জাতিক জার্নালে প্রবন্ধ আকারে প্রকাশ, গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিত করার লক্ষ্যে একটি সেমিনার/কর্মশালা এবং বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণের লক্ষ্যে ২৮ টি বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালার আয়োজন করে।

#### বিসিএসআইআর:

- (১) বিসিএসআইআর ২০১৬-১৭ অর্থ-বছরে ১২টি নতুন প্রযুক্তি উদ্ভাবন করেছে, ৩০টি গবেষণা প্রবন্ধ (দেশে ২২টি এবং বিদেশে ৮টি) প্রকাশ করেছে, ১৪টি উদ্ভাবিত প্রযুক্তির বাণিজ্যিকিকরণ, ৪৪৬৩টি শিল্প/বাণিজ্যিক পণ্য/ পদার্থের বিশ্লেষণসেবা প্রদান ও ১টি উন্নয়ন প্রকল্প সমাপ্ত করেছে।
- (২) বিসিএসআইআর কর্তৃক দেশের অভ্যন্তরে ২৪টি সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত হয় এবং ৩৭ জন অংশগ্রহণ করেন।
- (৩) গবেষণা উন্নয়ন ও প্রযুক্তিগত তথ্য আদান-প্রদানের লক্ষ্যে বিসিএসআইআর-এর আয়োজনে 4<sup>th</sup> High Council Meeting of the Developing-8 Technology Transfer And Exchange Network (D-8 TTEN) বিগত ১৭-১৯ মে, ২০১৭ তারিখ হোটেল ওয়েস্টিনে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি এবং সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন বিশেষ অতিথি ছিলেন। আটটি (৮টি) দেশ হতে সম্মানিত অতিথিবৃন্দ সভায় অংশগ্রহণ করেন এবং Technology Transfer বিষয়ে তাঁদের সুচিন্তিত

মতামত ও সুপারিশ পেশ করেন। এছাড়াও এ অনুষ্ঠানে একটি সেকশন অন্তর্ভুক্ত ছিল যেখানে ৮টি দেশের Commercial sector-এর প্রতিনিধিগণ Technology Transfer বিষয়ে নিজেদের মতবিনিময় করেন। এর মাধ্যমে সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে প্রযুক্তি হস্তান্তরের অনেক সুযোগ সৃষ্টি হয়েছে। গবেষণা লব্ধ ফলাফল স্টেক হোল্ডারদের অবহিতকরণ এবং উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে বিগত বছরে ২৮টি সভা, সেমিনার, কর্মশালা আয়োজন করা হয়েছে। এতে প্রায় ৬,৫০০ জন গবেষক ও স্টেকহোল্ডার অংশগ্রহণ করেন।

### জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:

- (১) ১,০৬,০৭০ জন দর্শনার্থী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহ পরিদর্শন করেছে;
- (২) জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবসে শিশু কিশোরদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সেখানে প্রায় ৪০০ জন শিশু-কিশোর অংশগ্রহণ করে;
- (৩) জেলা ও উপজেলা পর্যায়ে ৩৮তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের জন্য প্রতি জেলায় ১ লক্ষ ৪ হাজার টাকা, প্রতি উপজেলায় ৪০ হাজার টাকা এবং ঢাকা ও চট্টগ্রাম জেলায় ২ লক্ষ ৮০ হাজার টাকা করে মোট: ২ কোটি ৮৮ লক্ষ ৪৫ হাজার টাকা প্রেরণ করা হয়েছে। এছাড়া ১৫-১৭ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত কেন্দ্রীয় পর্যায়ে ৩৮তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও ১ম বিজ্ঞান অলিম্পিয়াড উদযাপন করা হয়েছে;
- (৪) বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্টের অর্থায়নে বিভাগীয় পর্যায়ে ৮টিসহ জেলা ও উপজেলা এবং কেন্দ্রীয় পর্যায়ে আয়োজিত মোট ৫৭০টি বিজ্ঞান ও প্রযুক্তি মেলার আয়োজন করা হয়।
- (৫) প্রথমবারের মত উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজনের কার্যক্রম গ্রহণ করা হয় এবং প্রথমবারের মত রাষ্ট্রীয়ভাবে উপজেলা, জেলা ও কেন্দ্রীয়ভাবে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের আয়োজন করা হয়। উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে আয়োজিত মোট বিজ্ঞান অলিম্পিয়াডের সংখ্যা ৫৫০টি। এ ছাড়া বাংলাদেশ এ্যাস্টোনোমিক্যাল এসোসিয়েশন এর কেন্দ্রীয় অলিম্পিয়াডে সহযোগিতা প্রদান করা হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ উদ্ভিদ বিজ্ঞান সমিতি ও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের যৌথ উদ্যোগে উদ্ভিদ বিজ্ঞান অলিম্পিয়াডের আয়োজন করা হয়েছে;
- (৬) সকল জেলায় বিজ্ঞান বিষয়ক সেমিনার আয়োজন করা হয়েছে। এ ছাড়া ঢাকা ও অন্যান্য স্থানে আরো ১৬টি বিভিন্ন সভা সেমিনারসহ সর্বমোট ৮০টি সভা /সেমিনার অনুষ্ঠিত হয়েছে যাতে প্রায় ৯,০০০ অংশীজন যোগদান করে;
- (৭) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ৫০ বছর পূর্তিতে সারা দেশব্যাপী সুবর্ণ জয়ন্তী পালন করা হয়। গত ১৫ নভেম্বর ২০১৬ তারিখে বিভাগীয় শহর চট্টগ্রামে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে এ কর্মসূচি উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে জনাব আ জ ম নাছির উদ্দিন, মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, জনাব মোঃ মহিউদ্দিন আহমেদ, প্রাক্তন মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সিরাজুল হক খান। উদ্বোধনী অনুষ্ঠান শেষে র্যালি, সেমিনার, বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা ও ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়। সুবর্ণ জয়ন্তীর মূল অনুষ্ঠান ২২-২৫ এপ্রিল, ২০১৭ তারিখে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকায় উদযাপন করা হয়। ২৬ এপ্রিল ২০১৭ তারিখে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর মিলনায়তনে সমাপনী অনুষ্ঠান হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন এবং বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর প্রথম ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. এনামোল হক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
- (৮) বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্ট তহবিল থেকে সকল জেলায় ১৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞানাগার উন্নয়নের জন্য ১ লক্ষ টাকা করে মোট ১ কোটি ৫৫ লক্ষ টাকা অনুদান দেয়া হয়।
- (৯) মিউজু বাসের সাহায্যে দেশের বিভিন্ন জেলায় ১০৫টি ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রায় ৮৩,৩২৭ জন দর্শনার্থী প্রদর্শনী পরিদর্শন করেছে।
- (১০) এ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ২,১৯০ জন দর্শনার্থী টেলিস্কোপের সাহায্যে আকাশ পর্যবেক্ষণ করেছে। এছাড়া দেশের বিভিন্ন জেলায় ৫০টি স্থানে টেলিস্কোপের সাহায্যে প্রায় ২,২০,০০০/- জন দর্শনার্থীকে আকাশের বিভিন্ন গ্রহ, নক্ষত্র, উপগ্রহ দেখানো হয়েছে।
- (১১) ৬ টি বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালার আয়োজন করা হয়েছে।

- (১২) চলতি বছরে সকল জেলায় মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের জন্য বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। জেলা পর্যায়ে বিজয়ীদের নিয়ে ঢাকার কেন্দ্রীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ী ১০জন শিক্ষার্থীকে বিশেষভাবে পুরস্কৃত করা হয় এবং এদের মধ্যে প্রথম ৫জনকে বিজ্ঞান শিক্ষায় প্রণোদনা প্রদানের জন্য ভারতের কোলকাতা ও দিল্লী মহানগরের সায়েন্স সিটি/ মিউজিয়াম/সেন্টারসমূহে সরকারি ব্যয়ে পরিদর্শন করানো হয়।
- (১৩) এ অর্থ বছরে বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব প্লান্ট টিস্যুকালচারের সাথে যৌথভাবে একটি আন্তর্জাতিক প্লান্ট টিস্যু কালচার সম্মেলন ২০১৭ আয়োজন করা হয়।
- (১৪) রাজশাহীতে অনুষ্ঠিত বাংলাদেশ উদ্ভিদ বিজ্ঞান সমিতির বার্ষিক সম্মেলনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়েছে।
- (১৫) ২২৪টি উপজেলায় বিজ্ঞান ক্লাব গঠন করা হয়েছে।
- (১৬) ভারত ও বাংলাদেশ সাংস্কৃতিক বিনিয়ম কার্যক্রমের আওতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক ভারতের ন্যাশনাল কাউন্সিল অব সায়েন্স মিউজিয়ামের অধীনস্থ কতিপয় বিজ্ঞান জাদুঘর/কেন্দ্র পরিদর্শন করেছেন এবং ভারতের কোলকাতা সায়েন্স সিটির পরিচালক জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরসহ ঢাকা ও সিলেটের অন্যান্য জাদুঘর ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ পরিদর্শন করেছেন। তিনি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আনোয়ার হোসেনের সাথে সৌজন্য সাক্ষাত করেন।
- (১৭) ৩০টি বিজ্ঞান ক্লাব রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করা হয়েছে।

#### ব্যাঙ্গডক:

- (১) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক ৬,৭৫৫ টি তথ্য সংগ্রহ করা হয়েছে;
- (২) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক ১০,১৭৮ পৃষ্ঠা তথ্য বিতরণ করা হয়েছে;
- (৩) ১০,৫৯৫ জন গ্রাহক ব্যাঙ্গডকের সেবা গ্রহণ করেছেন।
- (৪) ৯টি সেমিনার ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। সেমিনার ও ওয়ার্কশপে ৬৬৯ জন অংশগ্রহণ করেন।
- (৫) ৫টি ইন্টারশীপ কোর্স পরিচালনা করা হয় এবং অংশগ্রহণকারীর সংখ্যা ১০২ জন।

#### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:

- (১) ২০১৬-১৭ অর্থ-বছরে নভোথিয়েটারে ২,৭৯,২৪৩ জন দর্শক সমাগম হয়েছে এবং ২ কোটি ৩৮ লক্ষ ৪৮ হাজার টাকা আয় হয়েছে।
- (২) ৪টি সেমিনার ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। সেমিনার ও ওয়ার্কশপে ২০০ জন অংশগ্রহণ করেন।

#### ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি:

- (১) সংগৃহীত ২১২ টি রক্তের নমুনা ১১টি মাইক্রোস্যাটেলাইট প্রাইমার দিয়ে বিশ্লেষণ করে DRB1 জীনের মধ্যে ৮টি ও GDF9 জীনের মধ্যে ১টি SNP (Single nucleotide polymorphism) সনাক্ত করা হয়েছে;
- (২) ২৭৪ টি দেশী হাঁসের রক্ত নমুনা সংগ্রহ করা হয়েছে। রক্ত নমুনাসমূহ হতে ডিএনএ পৃথক করে ০৭টি মাইক্রোস্যাটেলাইট প্রাইমার ব্যবহার করে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় দেখা যায় যে, প্রাইমারগুলো আমাদের দেশে বিদ্যমান হাঁসের জেনেটিক বৈচিত্রতা পর্যবেক্ষণের জন্য কার্যকর;
- (৩) ৩১০ টি দেশি ও সংকর জাতের গরুর সংগৃহীত রক্তের নমুনা হতে ডিএনএ পৃথক করে মোট ১১১ টি নমুনার পিসিআর সম্পন্ন করা হয়েছে। পরীক্ষা সম্পন্নকৃত নমুনাসমূহের প্রায় ৫৫.৮৫% (৬২/১১১) নমুনায় A2A2, ৩৬.৯৪% (৪১/১১১) নমুনায় A1A2 এবং ৭.২১% (৮/১১১) নমুনায় A1A1 জেনোটাইপ বিদ্যমান। A1A1 জেনোটাইপ শুধুমাত্র সংকর জাতের গরুতে পাওয়া গিয়েছে। অর্থাৎ আমাদের দেশের গরুগুলো A1 এবং A2 এই দুই ধরনের বিটা কেজিন প্রোটিনসমৃদ্ধ দুধই উৎপাদন করছে।
- (৪) প্রক্রিয়াজাতকৃত শিকড়ের নমুনা হতে নাইট্রোজেন সংবন্ধনকারী ২৭ টি ব্যাকটেরিয়া পৃথকীকরণ, বৈশিষ্ট্য পর্যবেক্ষণ ও সংরক্ষণের পাশাপাশি উক্ত ব্যাকটেরিয়াসমূহের বায়োটেকনোলজি সনাক্তকরণের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে সংগৃহীত ১৪ টি ব্যাকটেরিয়ার নাইট্রোজেন সংবন্ধনের সক্ষমতা নিরূপণের কার্যক্রম শুরু করা হয়েছে।
- (৫) এই গবেষণা কার্যক্রমের আওতায় ঢাকার হাজারীবাগ ট্যানারী এবং চট্টগ্রামের কালুরঘাট শিল্প এলাকা থেকে ট্যানারী বর্জ্যের নমুনা সংগ্রহ করে নমুনাসমূহ থেকে বিভিন্ন মাত্রার ক্রোমিয়াম সহনশীল ৫০ টি অণুজীব পৃথক করা হয়েছে। তন্মধ্যে, উচ্চমাত্রার (২০০০ পিপিএম) ক্রোমিয়াম সহনশীল ৫ টি অণুজীব বাছাই কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত ৫ টি অণুজীবের চারিত্রিক বৈশিষ্ট্য পর্যবেক্ষণের কাজ চলমান আছে।
- (৬) ইলিশের ৫ টি উৎস (কক্সবাজার, চাঁদপুর, নোয়াখালী, বাগেরহাট, পটুয়াখালী) থেকে মোট ২০০ টি নমুনা সংগ্রহ করে ডিএনএ পৃথক করে মাইটোকন্ড্রিয়াল cytochrome b gene এর প্রাইমার দ্বারা পিসিআর সম্পন্ন করা হয়েছে। যার মধ্যে ১৮০ টি নমুনার পজিটিভ ব্যান্ড পাওয়া গিয়েছে এবং ১৯ টি নমুনার ডিএনএ সিকোয়েন্সিং সম্পন্ন করা হয়েছে। বর্তমানে ডাটা এনালাইসিস এর



কাজ চলমান আছে। এছাড়া ইলিশের সমগোত্রীয় মাছ *Alosa sp.* এর মাইক্রোস্যাটেলাইট প্রাইমার দ্বারা ইলিশের বিভিন্ন উৎসের কৌলিতান্তিক ভিন্নতা পর্যবেক্ষণ করা হয়েছে।

- (৭) ৪ টি উৎস (ময়মনসিংহ, মাদারীপুর, সিলেট, যশোর) হতে মোট ১৬০ টি নমুনা সংগ্রহ করা হয়েছে। নমুনাসমূহের ডিএনএ পৃথক করে ৫ সেট আরএপিডি প্রাইমার (OPB-03, OPB-07, OPA-12, OPA 17, OPB-20) দ্বারা মাদারীপুর (রোজের) ও সিলেট (হাকালুকি হাওড়) প্রাকৃতিক উৎসের এবং ময়মনসিংহ ও যশোর হ্যাচারী উৎসের পিসিআর, জেল ইলেক্ট্রোফরিসিস, ডাটা রিডিং, ডাটা এনালাইসিস এর কাজ সম্পন্ন হয়েছে। দেশীয় সরপুটি ও থাই সরপুটি মাছের জেনেটিক ভিন্নতা পাওয়া গেছে।
- (৮) চামড়া হতে লোম উঠাতে এবং মুরগীর পালক ডাইজেস্ট করতে সক্ষম ১২ টি ব্যাকটেরিয়া সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ২ টি ব্যাকটেরিয়া দ্বারা উৎপাদিত কেরাটিনেজ এনজাইম ১৮ ঘন্টার মধ্যে চামড়া হতে সম্পূর্ণরূপে লোম উঠাতে সক্ষম। এমাইলেজ এনজাইম উৎপাদনকারী ১৫ টি অনুজীব সংগ্রহ করে উৎপাদন সক্ষমতা নির্ণয় করা হয়েছে। ডিএনএ সিকুয়েন্সিং পদ্ধতির মাধ্যমে ৪ টি অনুজীব চূড়ান্তভাবে সনাক্তকরণ সম্পন্ন হয়েছে। এর মধ্যে ১ টি অনুজীবের উৎপাদন পদ্ধতি প্রমিতকরণ করা হয়েছে এবং একই সাথে জীনগত পরিবর্তনের মাধ্যমে জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজম প্রস্তুতের কার্যক্রম বর্তমানে চলমান আছে।
- (৯) রোটাভাইরাসের জন্য ভ্যাক্সিন তৈরীর উদ্দেশ্যে এর জিনোমের অপরিবর্তনশীল অংশের উপর ভিত্তি করে ৫টি ভ্যাক্সিনের মডেল তৈরী করা হয়েছে। অপরিবর্তনশীল অংশ ও অ্যালার্জেন এর উপর গুরুত্ব দিয়ে তৈরী করায় এই ৫টি ভ্যাক্সিন ট্র্যাডিশনাল ভ্যাক্সিনের চেয়ে অধিক কার্যকরী হবে। একই সাথে রোটাভাইরাস দ্বারা ডায়রিয়ায় আক্রান্ত শিশুদের জন্য পোস্টথেরাপী হিসেবে আরও ৫টি ঔষধের মডেলও তৈরী করা হয় যা এ ভাইরাস প্রতিরোধ করতে সহায়তা করবে। বর্তমানে এ ভ্যাক্সিন ও ঔষধের কার্যকারিতা পরীক্ষা করার লক্ষ্যে প্রাণিদেহে (ইঁদুর) ট্রায়ালের প্রস্তুতি নেয়া হচ্ছে।
- (১০) ২৩২ টি সংগৃহীত ডায়াবেটিস রোগীর রক্তের নমুনা হতে ২০১ টি নমুনার ডিএনএ পৃথকীকরণের কাজ সম্পন্ন হয়েছে। পৃথককৃত ডিএনএ নমুনার পিসিআর সম্পন্ন হয়েছে এবং রেস্ট্রিকশন ডাইজেসন ও অ্যানালাইসিসের কাজ করা হয়েছে। ইতিমধ্যে সেগুলোর ৫০ টি নমুনাতে SNP এর উপস্থিতি পর্যবেক্ষণ করা হয়েছে।
- (১১) ৯০ জন GDM রোগীর রক্তের নমুনা সংগ্রহ করে ডিএনএ পৃথকীকরণ করা হয়েছে। এর মধ্যে ৭১ টি ডিএনএ নমুনার পিসিআর করা হয়েছে এবং এসএনপি'র উপস্থিতি পরীক্ষা করা হয়েছে। ৩৫ টি রোগী ডিএনএ নমুনায় এসএনপি'র উপস্থিতি পাওয়া গেছে।
- (১২) ৪টি নতুন ঔষধের মডেল তৈরী করা হয়েছে যা টাইপ-২ ডায়াবেটিস নিয়ন্ত্রণে ইনসুলিনের বিকল্প হিসেবে কাজ করতে পারে। উক্ত ঔষধের কার্যকারিতা প্রাণিদেহে (ইঁদুর) পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।
- (১৩) ঘৃতকুমারীর চারা উৎপাদনের পদ্ধতি প্রতিষ্ঠা করা হয়েছে। সেইসাথে মাঠ পর্যায়ে উদ্ভাবিত চারার সক্ষমতা মূল্যায়ণ সম্পন্ন শেষে উৎপাদিত ঘৃতকুমারী চারার জেনেটিক বৈশিষ্ট্যে অখন্ডতা বজায় আছে কিনা তা ডিএনএ ভিত্তিক আণবিক মার্কারের সাহায্যে নির্ণয় করা হয়েছে। উদ্ভাবিত গবেষণা প্রযুক্তিটি হস্তান্তরের নিমিত্ত ইতিমধ্যে একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। পাশাপাশি টিসু কালচার পদ্ধতিতে এলাচের চারা তৈরী ও উন্নয়নের নিমিত্ত একটি গবেষণা কার্যক্রম শুরু করা হয়েছে।
- (১৪) গবেষণাগারে রিজেনারেশনের মাধ্যমে ৬৬ টিবেগুনের চারা তৈরী করা হয়েছে। *Agrobacterium-mediated* জিন ট্রান্সফরমেশন পদ্ধতিতে কাঙ্ক্ষিত জীন ১৪ টি বেগুনের ক্যালাসে প্রবেশ করানো হয়েছে। উক্ত ট্রান্সফরমড ক্যালাস হতে রিজেনারেটেড চারার মলিকুলার এনালাইসিসের কাজ চলমান রয়েছে।
- (১৫) ৫টি সেমিনার ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। সেমিনার ও ওয়ার্কশপে ১০০ জন অংশগ্রহণ করেন।

#### পরমাণু শক্তি কমিশন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:

- (১) ২৪ জুলাই - ০৭ আগস্ট ২০১৬, VO "Safety" (রাশিয়ান ফেডারেশন) এবং BAERA-এর মধ্যে General Framework Contract (GFC) বিষয়ে বৈঠক অনুষ্ঠিত;
- (২) ৩ আগস্ট ২০১৬, কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দলের রাশিয়ান ফেডারেশনের নভোভরোনেজ পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন;
- (৩) ০৫ আগস্ট ২০১৬, কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে নয় সদস্যের একটি প্রতিনিধি দলের রাশিয়ান ফেডারেশনের MEPHI বিশ্ববিদ্যালয় পরিদর্শন এবং BAERA ও MEPHI বিশ্ববিদ্যালয়ের মধ্যে HRD বিষয়ে দ্বি-পক্ষীয় বৈঠক অনুষ্ঠিত;
- (৪) ২২ সেপ্টেম্বর ২০১৬, বাপশনিক-এর চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে ০৮ (আট) সদস্যের একটি প্রতিনিধিদল রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Soil stabilization সংক্রান্ত ) কার্যক্রম পরিদর্শন;
- (৫) ১৫-১৮ নভেম্বর ২০১৬, কর্তৃপক্ষের নেগোশিয়েশন টিম এবং Russian Federation-এর ROSTCHNADZOR-এর TSO FSUE VO "Safety" (রাশিয়ান ফেডারেশন) এর মধ্যে দিপাক্ষীয় সভা অনুষ্ঠিত এবং যৌথভাবে ১৬ নভেম্বর ২০১৬ রূপপুর সাইট সরেজমিনে পরিদর্শন;

- (৬) ১৪-১৫ ডিসেম্বর ২০১৬, General Framework Contract (GFC)-এর জন্য গঠিত কর্তৃপক্ষের নেগোসিয়েশন টিমের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত;
- (৭) ২০-২২ ডিসেম্বর ২০১৬, General Framework Contract (GFC)-এর Appendices বিষয়ে কর্তৃপক্ষ এবং FSUE VO "Safety" এর মধ্যে সভা অনুষ্ঠিত;
- (৮) ২০-২২ ডিসেম্বর ২০১৬, Rooppur NPP Soil Stabilization রূপপুর NPP-এর বিষয়ে BAERA, BAEC, NPCBL, FSUE VO "Safety", ATOMSTROYEXPRT (JSC-ASE), এবং বিভিন্ন মন্ত্রণালয়ের সদস্যদের মধ্যে একটি যৌথ সভা অনুষ্ঠিত;
- (৯) ২২-২৪ জানুয়ারি ২০১৭, কর্তৃপক্ষের নেগোসিয়েশন টিম এবং FSUE VO "Safety" এর মধ্যে General Framework Contract (GFC)-এর Appendices বিষয়ে দিপাক্ষীয় সভা অনুষ্ঠিত;
- (১০) ২১-২৪ ফেব্রুয়ারি ২০১৭, কর্তৃপক্ষের সদস্য, প্রকৌশল ও ভৌত অবকাঠামো নিরাপত্তা-এর নেতৃত্বে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের দুইজন বিশেষজ্ঞের সমন্বয়ে ৩ (তিন) সদস্যের একটি প্রতিনিধিদলের রূপপুর সাইটের "Soil Stabilization Pilot Test Program" কার্যক্রম সরেজমিনে পরিদর্শন;
- (১১) ২২ ফেব্রুয়ারি ২০১৭, কর্তৃপক্ষের সদস্য, বিদ্যুৎ ও শিল্প নিরাপত্তা-এর নেতৃত্বে VO "Safety"-এর ২ (দুই) ভারতীয় বিশেষজ্ঞ এবং কর্তৃপক্ষের এনএসএস বিভাগের পরিচালকসহ সর্বমোট ৭ (সাত) সদস্যের একটি প্রতিনিধিদলের রূপপুর সাইটের "Soil Stabilization Pilot Test Program" কার্যক্রম সরেজমিনে পরিদর্শন;
- (১২) ২২ ফেব্রুয়ারি - ২২ মার্চ ২০১৭, VO "Safety"-এর Expert এবং কর্তৃপক্ষের কর্মকর্তাদের রূপপুর সাইটের "Soil Stabilization Pilot Test Program" কার্যক্রমের Regulatory Supervision;
- (১৩) ২৮ ফেব্রুয়ারি-০৩ মার্চ ২০১৭, BAERA এবং IAEA এর যৌথ উদ্যোগে "Awareness Mission and National Workshop on the Legal Framework for Nuclear Safety, Nuclear Security and Nuclear Liability" শীর্ষক একটি National Workshop কর্তৃপক্ষের Conference Room-এ অনুষ্ঠিত হয়;
- (১৪) ৬-৭ মার্চ ২০১৭, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের চলমান "Soil Stabilization Pilot Test" কর্মকান্ডের Regulatory Supervision কার্যক্রমের অংশ হিসেবে কর্তৃপক্ষের সদস্য, পুরঃ কৌশল ও ভৌত অবকাঠামো নিরাপত্তা-এর নেতৃত্বে ২ (দুই) জন Indian বিশেষজ্ঞের রূপপুর সাইট সরেজমিনে পরিদর্শন;
- (১৫) ১৬-৩১ মার্চ ২০১৭, VO "Safety"-এর Expert কর্তৃক রূপপুর সাইটের "Soil Stabilization Pilot Test Program" সরেজমিনে পরিদর্শন;
- (১৬) ১৯-২২ মার্চ ২০১৭, Design and Construction License-কে সামনে রেখে Russian Federation-এর TSO VO "Safety"-এর সাথে GFC-এর অধীনে Priority Work Basis-এ ২০১৬-২০১৮ মেয়াদে Separate Contract-এর জন্য BAERA, BAEC এবং VO "Safety"-এর প্রতিনিধিগণের সমন্বয়ে নেগোসিয়েশন সভা কর্তৃপক্ষের কার্যালয়ে অনুষ্ঠিত;
- (১৭) ১১০-১৩ এপ্রিল ২০১৭, কর্তৃপক্ষ, বাপশক, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং অন্যান্য মন্ত্রণালয়ের বিভিন্ন প্রতিনিধিদলের সমন্বয়ে গঠিত ১৬ সদস্যের একটি প্রতিনিধিদলের General Framework Contract (GFC)-এর অধীনে ২০১৬-২০১৮ সময়ের জন্য একটি Draft Separate Contract No-I between BAERA and FSUE VO "Safety" এবং উক্ত contract-এর ৭টি Appendix-এর উপর বিশদ আলোচনার জন্য কর্তৃপক্ষের Conference room-এ ৪ (চার) দিন ব্যাপি সভা অনুষ্ঠিত;
- (১৮) ১৬ মে ২০১৭, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান-এর উপস্থিতিতে Russian Federation-এর Regulatory Body ROSTECHNADZOR-এর TSO FSUE VO "Safety"-এর সাথে GFC-এর অধীনে একটি Separate Contract "Rendering Engineering Services in the Field of Nuclear and Radiation Safety Regulation to Support the main Regulatory Processes to be Performed by the Bangladesh Atomic Energy Regulatory Authority (BAERA) during Siting, Designing, Manufacturing and Construction Activities of the Rooppur NPP for the Period of January 2016 to December 2018" শীর্ষক একটি Contract-এর Initial প্রদান অনুষ্ঠিত;
- (১৯) ১৩ জুন ২০১৭, Rooppur NPP-এর Design & Construction লাইসেন্স বিষয়ে Russian Federation-এ অবস্থিত VO "Safety"-এর বিশেষজ্ঞ এবং BAERA-এর বিজ্ঞানীবৃন্দের মধ্যে Video conferencing-এর মাধ্যমে Soil Stabilization বিষয়ে মতবিনিময়;

- (২০) Rooppur NPP-এর Design & Construction License প্রদানের লক্ষ্যে Preliminary Safety Analysis Report (PSAR) মূল্যায়ন;
- (২১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য Regulatory Requirement অনুসারে EIA Report মূল্যায়নের লক্ষ্যে Draft Standard Review Procedure এবং Quality Manual প্রণয়ন;
- (২২) Research Reactor এর Operating License Renew এর জন্য SAR Review সম্পাদন;
- (২৩) VO "Safety"—এর Expert এর সহায়তায় Siting Licence সংক্রান্ত ডকুমেন্টসমূহ Review সম্পাদন;
- (২৪) Convention on Nuclear Safety (CNS) এর ৭ম Review Meeting এর জন্য প্রস্তুতকৃত "Bangladesh National Report to the Seventh Review Meeting of the Convention on Nuclear Safety (CNS)" IAEA-তে প্রেরণ;
- (২৫) International Atomic Energy Agency (IAEA) এর Guidance Document "SSG-16" অনুযায়ী বাংলাদেশের Nuclear Safety Infrastructure Condition মূল্যায়নের লক্ষ্যে Self Assessment (SA) কার্যক্রম সম্পাদন;
- (২৬) IAEA কর্তৃক প্রেরিত নিম্নে বর্ণিত ৩টি Draft Guidance Document Review;

1. Preventive Measures for Nuclear and Other Radioactive Material out of Regulatory Control (NST011),
2. Enhancing Nuclear Security Culture in Organizations associated with Nuclear and/or Radioactive Material (NST027), and
3. Planning and Organization of Nuclear Security Systems and Measures for Nuclear and other Radioactive Material out of Regulatory Control (NST042),

- (২৭) RNPP-এর Design and Construction License প্রদানের লক্ষ্যে NSSD-এর কর্মকর্তাদের PSAR Review and Assessment কার্যক্রম সম্পাদন;
- (২৮) ৩৮টি সেমিনার ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। সেমিনার ও ওয়ার্কশপে ২৩৬ জন অংশগ্রহণ করেন।

#### নিউক্লিয়ার পাওয়ার কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (এপিসিবিএল):

১৬ সেপ্টেম্বর ২০১৫ সালে এটি ১৯ নম্বর আইন হিসেবে মহান জাতীয় সংসদে পাশ হয় এবং তদানুযায়ী নিউক্লিয়ার পাওয়ার কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (এপিসিবিএল) গঠিত হয়। ২০১৬-২০১৭ অর্থ বছরে মোট ৬টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পর এর সুষ্ঠু পরিচালনার স্বার্থে দক্ষ জনবল তৈরির নিমিত্ত ২০১৭ সালে ১২৭ জন কর্মকর্তা নিয়োগের কার্যক্রম শুরু করা হয়।

#### বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই):

০৫ মার্চ ২০১৫ সালে এটি ৭ নম্বর আইন হিসেবে মহান জাতীয় সংসদে পাশ হয় এবং সে মোতাবেক বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট-এর পরিচালনা বোর্ড গঠিত হয়। বিওআরআই-এর প্রথম বোর্ড সভা গত ২৫ মে ২০১৭ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় BORI-এর জনবল নিয়োগের জন্য একটি কমিটি এবং বাংলাদেশ ওশানোগ্রাফিক ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের ডিপিপি প্রণয়নের জন্য অপর একটি কমিটি গঠন করা হয়।

#### **জনসচেতনতা বৃদ্ধি:**

- (১) বিকিরণ উৎস ব্যবহারকারীর মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিভিন্ন তথ্য এবং পরামর্শ প্রদান;
- (২) বিকিরণ সুরক্ষা বিষয়ে পোস্টার, লিফলেট ও ব্রশিউর বিতরণ;
- (৩) বিকিরণ নিরাপত্তা বিষয়ে ইলেক্ট্রনিক, প্রিন্ট মিডিয়া ও ইন্টারনেটে প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ;
- (৪) দেশের সকল বিকিরণ উৎস ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের মাধ্যমে বিকিরণ সুরক্ষা বিশ্লেষণ করে লাইসেন্স প্রদান করা হয় এবং নিয়ন্ত্রিতভাবে বিকিরণ উৎসের আমদানি, রপ্তানি পারমিট প্রদানের মাধ্যমে রাজস্ব আয় করে সরকারের গৃহীত দারিদ্র বিমোচন এবং আর্থসামাজিক উন্নয়নে নিয়মিত অবদান রাখা হয়।

## লাইসেন্স, পারমিট ও এনওসি প্রদান

২০১৬-১৭ অর্থ-বছরে ৪১৮টি এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকাণ্ডের নতুন লাইসেন্স প্রদান, ১১৯৪টি লাইসেন্স নবায়নকৃত, ৪২০টি আমদানি/রপ্তানী পারমিট প্রদান, ৩০৪টি আরসিও (RCO) নতুন সনদ প্রদান, ৩৪৭টি আরসিও (RCO) নবায়ন সনদ প্রদান করা হয় এবং ৩২৭টি এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকাণ্ডের পরিদর্শন করা হয়।

## আয়নায়নকারী বিকিরণ উৎপন্ন করেনা এইরূপ যন্ত্রপাতি আমদানির জন্য এনওসি (No Objection Certificate) প্রদান

১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত ৩১টি প্রতিষ্ঠানকে এনওসি প্রদান করা হয়।

### আয় সংক্রান্ত তথ্য

২০১৬-১৭ অর্থ-বছরে ১১ কোটি ১২ লক্ষ ৯৮ টাকামাত্র সেবাদান খাত হতে অর্জিত হয়।

**৯.৩ ২০১৬-২০১৭ অর্থ বছরের মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সজ্জটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সজ্জট উল্লেখের প্রয়োজন নেই, উদাহরণ: পদ সৃষ্টি, শূন্য পদ পূরণ ইত্যাদি)**

### **(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত:**

- ১০.১ ২০১৬-২০১৭ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?  
**মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনক ভাবে সাধিত হয়েছে।**
- ১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়
- ১০.৩ মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ: প্রযোজ্য নয়
- (১১) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে) :** প্রযোজ্য নয়।
- ১১.১ কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদি: প্রযোজ্য নয়।
- ১১.২ কোন বিশেষ সামগ্রী/ সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের স্থিতিশীলতার ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সজ্জট হয়েছিল কি ?  
নিকট ভবিষ্যতে মারাত্মক কো সমস্যার আশঙ্কা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।
- ১১.৩ বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।
- ১১.৪ বিদ্যুৎ-এর গড় সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।
- ১১.৫ জ্বালানি তেলের সরবরাহ (মেট্রিক টন) : প্রযোজ্য নয়।
- ১১.৬ ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (লক্ষ গ্যালন) : প্রযোজ্য নয়।
- (১২) **আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) :** প্রযোজ্য নয়।
- ১২.১ অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।
- ১২.২ প্রতি লক্ষ জনসংখ্যায় সংঘটিত অপরাধের তুলনামূলক চিত্র : প্রযোজ্য নয়।
- ১২.৩ দূত বিচার আইনের প্রয়োগ : প্রযোজ্য নয়।
- ১২.৪ ৩০ জুন ২০১৬ তারিখে কারাগারে বন্দির সংখ্যা : প্রযোজ্য নয়।
- ১২.৫ স্থল, নৌ ও আকাশ পথে বাংলাদেশে আগত বিদেশী নাগরিক (যাত্রী)-এর সংখ্যা: প্রযোজ্য নয়।
- ১২.৬ মৃত্যুদণ্ড প্রাপ্ত আসামি : প্রযোজ্য নয়।
- ১২.৭ সীমান্ত সংঘর্ষের সংখ্যা : প্রযোজ্য নয়।
- ১২.৮ সীমান্তে বাংলাদেশের সাধারণ নাগরিক হত্যার সংখ্যা : প্রযোজ্য নয়।
- (১৩) **ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য) :** প্রযোজ্য নয়।
- (১৪) **অর্থনৈতিক বিষয়সমূহ (শুধুমাত্র অর্থ বিভাগের জন্য) :** প্রযোজ্য নয়।

১৪.১ সরাসরি বৈদেশিক বিনিয়োগ (ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট) সংক্রান্ত (প্রধানমন্ত্রীর কার্যালয়ের জন্য): প্রযোজ্য নয়।

### **(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :**

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

প্রতিবেদনাধীন বৎসরে মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বৎসরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বৎসরের বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও ব্যয়ের শতকার হার	প্রতিবেদনাধীন বৎসরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা
মোট প্রকল্পের সংখ্যা- ১৭টি	৩৮১৭.১১ কোটি টাকা	৩৬৬৬.৫৬ কোটি টাকা (৯৬.০৬%)	১২টি

১৫.২ প্রকল্পের অবস্থা (১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত):

প্রতিবেদনাধীন বৎসরে শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বৎসরে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বৎসরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বৎসরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো
৪টি	(১) মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষা ও পরিবীক্ষণ গবেষণাগার স্থাপন (১ম সংশোধিত); (২) আপগ্রেডিং এন্ড স্ট্রেন্গেনিং দ্যা ফ্যাসিলিটিজ অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এল্যাইড সায়েন্সেস; (৩) এস্টাব্লিশমেন্ট অব ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস; (৪) স্টাডি প্রজেক্ট ফর এস্টাবলিশিং অফ দি আর্ট সায়েন্স এন্ড টেকনোলজি মিউজিয়াম; এবং (৫) স্টাডি প্রজেক্ট ফর এস্টাবলিশমেন্ট অফ মেরিন একুরিয়াম এ্যাট বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার	-	-

- ১৫.৩ জিডিপি প্রবৃদ্ধির হার (২০১৬-২০১৭) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৪ মাথা পিছু আয় (মার্কিন ডলারে) (২০১৬-১৭) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন) অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৬-১৭ বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০১৬-১৭) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি): প্রযোজ্য নয়।
- (১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য: প্রযোজ্য নয়।
- (১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।
- (২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২২) হজ্জ সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ পূরণ করবে): প্রযোজ্য নয়।
- (২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/ লোকসান : প্রযোজ্য নয়

সচিব  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ-বছরের এনএসটি ফেলোশিপের চেক প্রদান



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অস্ট্রিয়ার রাজধানীতে ভিয়েনা ইন্টারন্যাশনাল সেন্টারে ৩০ মে ২০১৭ মঙ্গলবার আয়োজিত 'আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার টেকনিক্যাল সহযোগিতা কর্মসূচি: ৬০ বছর পেরিয়ে উন্নয়নে অবদান' শীর্ষক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন। পিআইডি